

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ২৪২০	তারিখঃ- ৪/৪/২০	প্রকৌশলীর স্বাক্ষরঃ	
অঃ সঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ
			৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
সংস্থাপন শাখা-৩
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮০-২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

তারিখঃ ২৭-০৪-১৪২৯বঙ্গাব্দ
০৬-০৬-২০২২খ্রিষ্টাব্দ

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৭.০০৪(অংশ-১০).২১-২২০৬

প্রতি,

ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম ও মালিকের নাম	তালিকাভুক্তি বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার ক্রমিক নম্বর বিভাগের নাম, বই নম্বর, মানি রসিদ নম্বর ও তারিখ	চূড়ান্ত তালিকাভুক্তির রেজিস্ট্রেশন নম্বর ও সন
কো কনস্ট্রাকশন মালিক-জাহিদুল হক সৈকত ঠিকানা-ক/৬৬/৭, শাহজাতপুর গুলশান, ঢাকা।	ক্রমিক নম্বর-১৩, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, ঢাকা এর মানি রসিদ নম্বর-১৯ বই নম্বর-০০৪৩৯৪ তারিখঃ ১৭/০৭/২০২২খ্রিঃ।	২৮৮৬/২০২১-২০২২

বিষয়ঃ ২০২১-২০২২ সনে প্রথম শ্রেণি (সম্মিলিত) ঠিকাদারি হিসেবে তালিকাভুক্তির চূড়ান্ত আদেশ প্রদান প্রসংগে।

গণপূর্ত অধিদপ্তরের গত ২১/০৬/২০২২খ্রিঃ তারিখের ২৫.৩৬.০০০০.২২০.০৭.০০৪(অংশ-১০).২১-৯০৭/৪৯ নম্বর স্মারকের নির্দেশ মোতাবেক উপরে উল্লেখিত প্রতিষ্ঠানের নামের পার্শ্বে বর্ণিত গণপূর্ত বিভাগে মানি রসিদের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি বাবদ সর্বমোট ৫,৭৫০/- (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা জমা প্রদান করে মূল রসিদসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করায় তার ঠিকাদারি প্রতিষ্ঠানকে ২০২১-২০২২ সনে নিয়োক্ত শর্তে প্রথম শ্রেণি (সম্মিলিত) ঠিকাদারি প্রতিষ্ঠান হিসেবে গণপূর্ত অধিদপ্তরে তালিকাভুক্তি অনুমোদন করা হলো।

- (ক) উপরোক্ত প্রতিষ্ঠানের মালিক এর ছবি ও নমুনা স্বাক্ষর সহকারী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা কর্তৃক সত্যায়িত যা পার্শ্বে প্রথিত হলো।
- (খ) গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরে এ আদেশ প্রদর্শন করে রেজিস্ট্রেশন বইয়ের মূল্য প্রদান পূর্বক প্রতিষ্ঠানের নামে ঠিকাদারি রেজিস্ট্রেশন বই গ্রহণ করতে হবে।
- (গ) একই নাম ঠিকানা বা একই মালিকানাধীন গণপূর্ত অধিদপ্তরের অন্য কোন শ্রেণিতে তালিকাভুক্ত লাইসেন্স থাকলে তা স্বয়ংস্বীয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং ভবিষ্যতে এ ব্যাপারে কোনরূপ ওজর আপত্তি গ্রহণ করা হবে না।
- (ঘ) প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তনসহ কোন প্রকার পরিবর্তন, পরিবর্তন কিংবা মৃত্যু জনিত কারণে মালিকানা পরিবর্তন, অংশীদারি সংস্থায় পরিবর্তন ও লিমিটেড প্রতিষ্ঠানে পরিবর্তন প্রয়োজন হলে অত্র দপ্তর হতে পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- (ঙ) আবেদন পত্রের সাথে দাখিলকৃত তথ্যাদি ভবিষ্যতে কোন প্রকার অসত্য প্রমানিত হলে তালিকাভুক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে। পিপিআর-২০০৮ এর বিধি-১২৭ এর ৪(গ) ও গণপূর্ত অধিদপ্তরের সংশোধিত বিধিমালা ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।



- সংযুক্তঃ ১। ছবি-০১ (এক) কপি।
২। নমুনা স্বাক্ষর-০১ (এক) কপি।

(নন্দিতা রাণী সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২২২-৩৩৮০৯৯৯

ই-মেইলঃ se_est@pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৭.০০৪(অংশ-১০).২১-২২০৬/২০

তারিখঃ ২৭-০৪-১৪২৯বঙ্গাব্দ
০৬/০৬/২০২২খ্রিষ্টাব্দ

- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-
- ১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা। (গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, ঢাকা। ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা পরিচালক এর সত্যায়িত ০২(দুই) কপি ছবি ও ০১(এক) সেট নমুনা স্বাক্ষর এতদসংগে প্রেরণ করা হলো। ০১(এক) কপি ছবি প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন বইতে সংযুক্ত করে রেজিস্ট্রেশন বই ইস্যু করতঃ চূড়ান্ত তালিকাভুক্তির রেজিস্ট্রেশন নম্বর ও সন লিপিবদ্ধ করতে হবে। ০১(এক) কপি ছবি ও নমুনা স্বাক্ষর তার দপ্তরে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো। এ আদেশ বলে ২০২২-২০২৩ সনের নবায়ন ফি জমা প্রদানের অনুমতি প্রদান করা হলো।
- ৩। গার্ড নথি।

(আইনুন নাহার এ্যানি)
নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২২২৩৩৮৪৫৫৪
E-mail: ee_om@pwd.gov.bd